# জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনা মোতাবেক সমবায় অধিদপ্তরের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি: ড. তরুণ কান্তি শিকদার
নিবন্ধক ও মহাপরিচালক
তারিখ: ০৬/০৬/২০২৩ খ্রি.
সময়: দুপুর: ০৩:০০ টায়

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নিবন্ধক ও মহাপরিচালক সভা (জুম) শুরু করেন। সভার শুরুতে সভাপতি যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকাকে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনার বিষয়ে পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১. | ২৭/০৩/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণ | বিগত ২৭/০৩/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত এ সংক্রান্ত সভার কার্যবিবরণী সমবায় অধিদপ্তরের স্মারক নং-৬৬(৫০)স/মু, তারিখঃ ১৮/০৪/২০২৩ খ্রি. মূলে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় উক্ত কার্যবিবরণীটি দৃঢ়করণ করা যেতে পারে। | বিগত ২৭/০৩/২০২৩ খ্রি.তারিখে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হলো। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২ | সমবায়ের মাধ্যমে সমাজের অনগ্রসর জনগোষ্ঠী বিশেষ করে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, হিজড়া, বেদে ও অন্যান্য অনগ্রসর জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন<br>**(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান অনগ্রসর ও দলিত সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করে "দক্ষতা উন্নয়নের মাধ্যমে খুলনা বিভাগের দরিদ্র ও দলিত জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ" শীর্ষক প্রকল্পের জনবল সংক্রান্ত সভা বিগত ১১.০৪.২০২৩ খ্রি. অনুষ্ঠিত হয়েছে এবং পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | **(ক)** প্রস্তাবিত "দক্ষতা উন্নয়নের মাধ্যমে খুলনা বিভাগের দরিদ্র, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক ও দলিত জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ" শীর্ষক প্রকল্পের বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর |
| | | যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী 'বরিশাল বিভাগের দারিদ্র্যপীড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি" প্রকল্পের ডিপিপি পুনর্গঠিত হয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উদ্যোগে 'Project Processing, Appraisal and Management System (PPS) সফটওয়্যার ব্যবহার করে অনলাইনে প্রকল্প প্রণয়ন ও প্রক্রিয়াকরণ' বিষয়ক অনুষ্ঠিত কর্মশালায় উক্ত প্রকল্প প্রস্তাবটি অনলাইনে (PPS) সফটওয়্যার ব্যবহার করে সাবমিশনের সিদ্ধান্ত গৃহীত হয়। দপ্তর/সংস্থার প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে user id ও password সরবরাহ করা হলে উক্ত প্রকল্পটি অনলাইনের মাধ্যমে সাবমিশন করা হবে। | **(খ)** "বরিশাল বিভাগের দারিদ্র্যপিড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি" শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণপূর্বক সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | -ঐ- |

| ক্র. নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৩. | সমবায়ের মাধ্যমে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন, নারী পুরুষের সমতা আনয়নের জন্য নারীদেরকে প্রশিক্ষণ প্রদান **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন' প্রকল্পটির বিষয়ে ২৬.০২.২০২৩ খ্রি. তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার নির্দেশনা মোতাবেক ডিপিপি পুনর্গঠনের কাজ চলমান রয়েছে। | **(ক)** 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন' শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর |
| ০৪. | আইলবিহীন চাষাবাদ, কৃষি যান্ত্রিকীকরণ ও গ্রামীণ উন্নয়নে গ্রামভিত্তিক বহুমুখী সমবায় সমিতি গঠন **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | 'বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা' পাইলট শীর্ষক প্রকল্পটি ৪৯৯৩.৯০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০২১ হতে জুন, ২০২৪ মেয়াদে বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটি ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপিতে ২৮১০.০০ লক্ষ (রাজস্ব বাবদ ১৯৫০.০০ লক্ষ ও মূলধন বাবদ ৮৬০.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ ১৯৫৯.৭৫ লক্ষ টাকা ছাড় হয়েছে। চলতি অর্থবছরের এপ্রিল/২০২৩ মাস পর্যন্ত ৫১৯.৬০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। যা বরাদ্দকৃত অর্থের ১৮.৪৯%। | **(ক)** 'বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা' শীর্ষক পাইলট প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি শতকরা হিসেবে প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর ও প্রকল্প পরিচালক |
| | | বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম হতে প্রাপ্ত কুমিল্লা জেলার 'রায়চৌ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ' এর আইলবিহীন চাষাবাদ পদ্ধতি বিষয়ক পরিদর্শন প্রতিবেদনটি পর্যালোচনা করা হয়েছে। বার্ড কর্তৃক পরিচালিত লালমাই ও ময়নামতি প্রকল্পের আওতায় যান্ত্রিক চাষাবাদ স্কিমের মাধ্যমে 'রায়চৌ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ' এ প্রায় এক বছর পূর্বে আইলবিহীন চাষাবাদ শুরু করা হয়। 'রায়চৌ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ'একটি সমবায় সমিতি কিন্তু এই সমবায় সমিতিতে বাস্তবায়িত প্রকল্পটির সাথে সমবায় অধিদপ্তরের কোন সংশ্লিষ্টতা নেই। 'রায়চৌ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ' এর আইলবিহীন চাষাবাদ পদ্ধতি সরেজমিনে পরিদর্শন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সমবায় অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন, সমিতি ব্যবস্থাপনা ও আইন শাখার সমন্বয়ে একটি কমিটি গঠন করে আইলবিহীন চাষাবাদ সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়ন করা যেতে পারে। | **(খ)** 'রায়চৌ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ' এর আইলবিহীন চাষাবাদ পদ্ধতি সরেজমিনে পরিদর্শন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পরিকল্পনা ও উন্নয়ন, সমিতি ব্যবস্থাপনা ও আইন শাখার সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে।<br><br>**(গ)** এ সংক্রান্ত গঠিত কমিটি কর্তৃক আইলবিহীন চাষাবাদ পদ্ধতি সরেজমিনে পরিদর্শন করে আইলবিহীন চাষাবাদ সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা ও উন্নয়ন শাখায় দাখিল করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)<br><br>সভাপতি/সদস্য সচিব, (এ সংক্রান্ত গঠিত কমিটি) |

| ক্র. নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৫. | পুষ্টি চাহিদা পূরণ ও দুগ্ধ শিল্পের প্রসার **(সূত্রঃ ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | ‘দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ’ শীর্ষক প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৫৬৮৮.২৪ লক্ষ টাকা। জুলাই ২০২২ হতে জুন ২০২৬ মেয়াদে সমবায় অধিদপ্তর কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। আরএডিপিতে ১১০.০০ লক্ষ টাকা (রাজস্ব বাবদ ১০৫.০০ লক্ষ টাকা মূলধন ও ৫.০০ লক্ষ টাকা) বরাদ্দ প্রদান করা হয়েছে। সে অনুযায়ী প্রকল্পটির ১ম হতে ৪র্থ কিস্তি পর্যন্ত অর্থ বরাদ্দের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><br>‘উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন-২য় পর্যায়’ প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষার পূর্ণাঙ্গ প্রতিবেদন পর্যালোচনা করে বিগত ০৯.০২.২০২৩ খ্রি. স্মারক নং-৪৭.৬১.০০০০.০৩২.০২.১১৬.১৬.৬৭ মূলে ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম, অধ্যাপক, অর্থনীতি বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কে সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের কার্যাদেশ প্রদান করা হয়েছে। | **(ক)** “দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি শতকরা হিসেবে প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br><br>**(খ)** “উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন-২য় পর্যায়” প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষার পূর্ণাঙ্গ প্রতিবেদন পর্যালোচনাপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক/ যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন)<br><br>যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| ০৬. | উৎপাদিত পণ্যের প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান ‘সমবায়ের মাধ্যমে কৃষি পণ্যের বাজারজাতকরণ ও ভ্যালু চেইন উন্নয়ন’ শীর্ষক একটি প্রকল্প গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য ‘Marketing and Value Chain Development of Agricultural products through Cooperatives, শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাব প্রকল্পটি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত আরএডিপিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু সমীক্ষা প্রস্তাব প্রকল্পটির মেয়াদ (০১.০৩.২২ হতে ২৮.০২.২০২৩) ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। বিগত ০৪.০৪.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত প্রকল্পটির স্টিয়ারিং কমিটির সভায় সমীক্ষা প্রস্তাবটির মেয়াদ বৃদ্ধির জন্য পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। | **(ক)** ‘সমবায়ের মাধ্যমে কৃষি পণ্যের বাজারজাতকরণ ও ভ্যালু চেইন উন্নয়ন’ শীর্ষক একটি প্রকল্প গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য ‘Marketing and Value Chain Development of Agricultural products through Cooperatives, শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাব প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রেখে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর/ প্রকল্প পরিচালক |
| ০৭. | স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান তৈরীর উদ্যোগ গ্রহণ **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | সমবায় সমিতিগুলোকে স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান হিসেবে গড়ার লক্ষ্যেগঠিত কমিটি কর্তৃক একটি ওয়ার্কশপ করত: গৃহীত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | **(ক)** সমবায় সমিতিগুলোকে স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান হিসেবে গড়ার লক্ষ্যে একটি ওয়ার্কশপ করত: গৃহীত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | উপনিবন্ধক (সেবা শিল্প) সমবায় অধিদপ্তর |

| ক্র. নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৮. | ৫১ তম জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনার বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন **(সূত্রঃ ৫১তম জাতীয় সমবায় দিবস, ০৫/১১/২০২২)** | জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী বিগত দিনে যে সকল বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেছেন, সে সকল বিষয়ে নির্দেশনার আলোকে সমবায় অধিদপ্তরের বাস্তবায়ন অগ্রগতি উল্লেখপূর্বক একটি প্রতিবেদন প্রস্তুত করার জন্য জনাব মো: হেলাল উদ্দীন, যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তরকে দায়িত্ব প্রদান বিষয়ে সভায় আলোচনা করা হয়। | **(ক)** জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী যে সকল বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেছেন, সে সকল বিষয়ে নির্দেশনার আলোকে সমবায় অধিদপ্তরের বাস্তবায়ন অগ্রগতি উল্লেখপূর্বক একটি প্রতিবেদন প্রস্তুত করার জন্য জনাব মো: হেলাল উদ্দীন, যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তরকে দায়িত্ব প্রদান করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৮/২০২৩

ড. তরুণ কান্তি শিকদার
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৩.২৩- ৬৮৮(৫০) স/মূ; তারিখঃ২২/০৬/২০২৩খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১। অতিরিক্ত নিবন্ধক (সকল)................................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০২। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
০৩। যুগ্মনিবন্ধক (সকল)................................................, সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৪। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৫। প্রকল্প পরিচালক (যুগ্মনিবন্ধক), "দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৬। উপনিবন্ধক (সকল) ................................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৭। উপনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০৮। সহকারী নিবন্ধক (সকল)................................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৯। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, [নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

22/06/2023

(তানিয়া আক্তার)
সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।